Vol. 141 Issue 174

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

January-March 2015

For Internal Circulation Only

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন

গত ১৫/০৩/২০১৫ ইং তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকার সময় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত শিশু বিকাশ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ উপলক্ষে মেডিকেল কলেজের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবক, ফিনলে গ্রুপ এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ কিউ আই চৌধুরী, ওবিই। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইষ্টার্ন ব্যাংক লিঃ এর পরিচালক জনাব মোফাখখারুল ইসলাম খসরু ও জনাব এ কিউ আই চৌধুরীর সহধর্মীনি মিসেস জেসমিন ইসলাম চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জয়েন্ট জেনারেল সেক্রেটারী জনাব নুর মোহাম্মদ, ডোনার মেম্বার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু। প্রধান অতিথি জনাব এ কিউ আই চৌধুরী তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে একটি ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। বর্তমানে এই হাসপাতাল একটি বিশাল প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। এই প্রতিষ্ঠানের সাথে যারা জড়িত তাদের আন্তরিকতা, সততা ও নিষ্ঠার কারণে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজকের এই অবস্থানে এসে পৌঁছেছে। তিনি এজন্য হাসপাতাল পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রটি এই হাসপাতালের জন্য আরো একটি গুরুত্বপূর্ণ সংযোজন। শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের এখানে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে এবং প্রতিবন্ধি শিশুদের সব ধরনের চিকিৎসার এখানে ব্যবস্থা রয়েছে। এটি নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রধান অতিথি আরো বলেন, তিনি এবং তার পরিবার এই হাসপাতালের সাথে অতীতেও ছিলেন ভবিষ্যতেও থাকবেন। তিনি হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র এবং হাসপাতালের সার্বিক উন্নয়নের জন্য তার নিজের এবং প্রতিষ্ঠানের পক্ষ থেকে সব সময় সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে তাকে আমন্ত্রণ জানানোর জন্য বিশেষ ভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ অতিথি জনাব মোফাখখারুল ইসলাম খসরু চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার ব্যক্তিগত ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম বলেন, আমরা কার্যনির্বাহী কমিটি নবীন ও প্রবীনের সমন্বয়ে সম্মিলিতভাবে কাজ করছি। আমরা এ প্রতিষ্ঠানকে একটি বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে চাই। এজন্য প্রয়োজন সকলের সহযোগিতা। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এর আগে প্রধান অতিথি হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন। তিনি হাসপাতালের বিশেষায়িত চিকিৎসা সেবা বিশেষ করে আইসিইউ, সিসিইউ, এনআইসিইউ, শিশু আইসিইউ বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ গ্রহণ করেন। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্রে শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের সমন্বিত ভাবে সব ধরনের চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য এখানে অত্যাধুনিক মেডিকেল যন্ত্রপাতি, প্লে গ্রাউন্ড সহ সকল সুযোগ সুবিধা রয়েছে। চট্টগ্রামে এটিই একমাত্র শারীরিক ও মানসিক প্রতিবন্ধিদের জন্য সমন্বিত চিকিৎসা সেবা প্রতিষ্ঠান। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে নবনির্মিত শিশু বিকাশ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিশিষ্ট সমাজসেবক ও ফিনলে গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এ কিউ আই চৌধুরী, ওবিই*

# President's Corner

## AN APPRECIATION

On the eve of retirement from active service of Mrs. Malati Barua, Matron/Nursing Superintendent/Advisor of the hospital. I, on behalf of the Executive Committee, Chittagong Maa-O-Shishu Hospital, would like to record our deep sense of gratitude, thanks and appreciation for the unparallel services rendered by her during a long period of 24 years, specially in the field of development of nursing services of the hospital.

Her engagement, dedication, commitment and contribution for development of the organization shall remain boldly written in the annals of Chattagram Maa-O-Shishu Hospital.

She shall always remain an honored friend of the organisation.

May she live a happy enjoyable long retired life. Ameen!

With warm wishes

**A.S.M Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.

## দৃষ্টি আকর্ষণ

১) হাসপাতালের বহির্বিভাগ সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকে এবং রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

২) বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকদের সকাল বেলা ও বিকাল বেলা কনসালট্যান্সী সার্ভিস চালু আছে।

৩) অবস এন্ড গাইনী বিভাগে স্বল্প খরচে নরমাল ডেলিভারি, সিজারিয়ান অপারেশন, জরায়ু অপারেশন সহ সকল চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।

৪) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও স্বল্প খরচে আইসিইউ, সিসিইউ ও কিডনী ডায়ালাইসিস সার্ভিস চালু আছে।

৫) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও অত্যাধুনিক যন্ত্রপাতি সমন্বয়ে ২৪ ঘন্টা ডায়াগনস্টিক সার্ভিস চালু আছে।

# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বার্ষিক ফ্যামিলি নাইট (সেতু বন্ধন) অনুষ্ঠান অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বার্ষিক ফ্যামিলি নাইট (সেতু বন্ধন) অনুষ্ঠান গত ২৮/০৩/২০১৫ ইং তারিখ কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে হাসপাতাল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের মাননীয় অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী। অনুষ্ঠানে হাসপাতালের সাবেক ভাইস প্রেসিডেন্ট ও 'চট্টগ্রাম মা-ও-শিশু হাসপাতাল মেডিকেল কলেজ' গভর্নিং বডির সাবেক চেয়ারম্যান মরহুম প্রফেসর এম নুরউন নবীকে মরনোত্তর সম্মাননা প্রদান করা হয়। মরহুম প্রফেসর ডাঃ নুরউন নবীর সহধর্মিনী ও হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সাবেক জয়েন্ট জেনারেল সেক্রেটারী মিসেস কহিনুর নবী উক্ত সম্মাননা গ্রহণ করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী জনাব নুর মোহাম্মদ, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব জাহিদুল হাসান, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। প্রধান অতিথি জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী তার বক্তব্যে বলেন, আমি এখানে এসে প্রায় সমগ্র হাসপাতাল ঘুরে দেখেছি। হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রম ও হাসপাতালের ব্যাপ্তি দেখে আমি খুবই অভিভুত। এর আগে মা ও শিশু হাসপাতাল সম্পর্কে আমার ধারনা থাকলেও হাসপাতালের এত বিশাল কার্যক্রম ও প্রসারতা সম্পর্কে আমার জানা ছিলনা। তিনি বলেন, আজ থেকে এই হাসপাতালের জন্য কিছু করতে না পারাটা আমার কাছে অপরাধ হিসেবে বিবেচিত হবে। সরকারের কাছ থেকে Grant in Aid খাতে বরাদ্ধ বৃদ্ধির বিষয়ে তিনি সর্বোচ্চ চেষ্টা করবেন মর্মে সভাকে অবহিত করেন। প্রয়োজনে এ ব্যাপারে অর্থ মন্ত্রী মহোদয়ের সাথেও দেখা করবেন বলেও তিনি সভাকে জানান। প্রধান অতিথি তাকে এই সুন্দর অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। মিসেস কহিনুর নবী তার অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, মরহুম প্রফেসর ডাঃ এ নুরউন নবী এই হাসপাতালের জন্য তার জীবনের শেষ সময় পর্যন্ত অত্যন্ত আন্তরিক ভাবে কাজ করে গেছেন। আজকের এত সুন্দর একটি অনুষ্ঠানের মাধ্যমে তাঁকে স্মরণ করায় এবং সম্মাননা প্রদান করায় তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম বলেন, প্রফেসর ডাঃ এম নুরউন নবী এই মেডিকেল কলেজ প্রতিষ্ঠার জন্য অনেক ত্যাগ স্বীকার করেছেন। তাঁর আন্তরিক প্রচেষ্টা ছাড়া মেডিকেল কলেজ শুরু করা যেত কিনা তা যথেষ্ট সন্দেহ ছিল। তাঁর অবদান মা ও শিশু হাসপাতাল পরিবার আজীবন শ্রদ্ধার সাথে স্মরণ করবে। তিনি আত্মার মাগফেরাত কামনা করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথি জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরীকে আজকের অনুষ্ঠানে উপস্থিত থেকে সময় দেয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি Grant in Aid খাতে সরকারী সহযোগীতা এবং নতুন হাসপাতাল ভবন নির্মাণ কাজে সরকারের পক্ষ থেকে সহযোগীতার বিষয়ে তার সহযোগীতা কামনা করেন। সভাপতি মিসেস কহিনুর নবীকে অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। হাসপাতালের সর্বস্তরের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবার পরিজন নিয়ে ছিল এই বার্ষিক ফ্যামিলি নাইট অনুষ্ঠান। অনুষ্ঠানের ২য় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হাসপাতালের কর্মচারীবৃন্দ, নার্সিং ইনষ্টিটিউরে ছাত্র-ছাত্রীগণ ও বিশিষ্ট সংগীত শিল্পি মুন্না ফারুক ও লুবনা সংগীত পরিবেশন করেন। সবশেষে আকর্ষনীয় র‌্যাফেল ড্র ও মেজবানের আয়োজন করা হয়। র‌্যাফেল ড্র অনুষ্ঠানটি উদ্বোধন করেন ফেনী থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য জনাব নিজাম উদ্দিন হাজারী। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে বার্ষিক ফ্যামিলি নাইট অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী।*

# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে নার্সিং ব্রিজ প্রোগ্রামের ৩য় ব্যাচের সমাপনী অনুষ্ঠান ও ৪র্থ ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্ট কর্তৃক পরিচালিত এক বছর মেয়াদী নার্সিং ব্রিজ প্রোগ্রামের ৩য় ব্যাচের ছাত্র/ছাত্রীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান ও ৪র্থ ব্যাচে আরো ২৫ জন ছাত্র/ছাত্রীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম গত ০৮/০১/২০১৪ ইং তারিখ হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের চেয়ারম্যান জনাব শামসুদ্দিন খানের মেয়ে ও প্রধান নির্বাহী কর্মকর্তা মিস সামাঞ্জার খান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক ও উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া। প্রধান অতিথি মিস সামাঞ্জার খান তার বক্তব্যে বলেন, এই হাসপাতালে এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্ট কর্তৃক পরিচালিত নার্সিং টিচিং প্রোগ্রাম অত্যন্ত সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে দেখে তিনি আনন্দিত এবং ভবিষ্যতে এই প্রোগ্রাম চালিয়ে যাওয়ার আশ্বাস প্রদান করেন। এই প্রোগ্রামের মাধ্যমে হাসপাতালের নার্সিং সেবা কার্যক্রমে ব্যাপক উন্নতি লাভ করেছে দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানের সভাপতি প্রফেসর এ এস এম ফজলুল করিম তার বক্তব্যে বলেন, গত ২ বছরে হাসপাতালের নার্সিং সেবার মান অনেক উন্নতি লাভ করেছে, যার ফলে এই বছর গুলোতে নার্সিং সেবা নিয়ে কোন ধরনের অভিযোগ তিনি পাননি। যা অত্যন্ত সন্তোষজনক। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম বলেন, এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের সহযোগিতায় বর্তমানে নার্সিং টিচিং প্রোগ্রাম সফল ভাবে অনুষ্ঠিত হচ্ছে, যার ফলাফল অত্যন্ত সন্তোষজনক। ইতিপূর্বেও এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের সহযোগিতায় অত্র হাসপাতালে কিডনী ডায়ালাইসিস ইউনিট চালু করা হয়, যা অসংখ্য গরীব রোগীদের স্বল্পমূল্যে সেবা দিয়ে যাচ্ছে। এজন্য তিনি এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে ৩য় ব্যাচের উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের সার্টিফিকেট প্রদান করা হয় এবং ৪র্থ ব্যাচের ২৫ জন ছাত্র/ছাত্রীকে অভিনন্দন জানানো হয়। অনুষ্ঠানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ও নার্সিং ইনষ্টিটিউট এর সকল কর্মকর্তা কর্মচারী ও নার্সিং ছাত্র/ছাত্রীগণ উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের কো-অর্ডিনেটর ও ফ্যাকাল্টি মিসেস শবনম সুলতানা ও সহযোগিতায় ফরহাদ হোসেন।




*এ কে খান হেলথ কেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত নার্সিং ব্রিজ প্রোগ্রামের ৩য় ব্যাচের সমাপনী অনুষ্ঠান ও ৪র্থ ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদের সাথে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান আরা ইসলাম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।*




চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে স্বল্প খরচে আইসিইউ এ্যাম্বুলেন্স ও সাধারণ এ্যাম্বুলেন্স এর সুবিধা রয়েছে।

# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে গত ২১.০২.২০১৫ইং তারিখ কলেজের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিমের সভাপতিত্বে মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ৯ ঘটিকায় জাতীয় পতাকা এবং কলেজ পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে দিবসের কর্মসূচী শুরু করা হয়। কর্মসূচীর মধ্যে ছিল ভাষা শহীদদের প্রতি পুস্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল, কবিতা আবৃত্তি, নৃত্য, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, ভাষা আন্দোলন বিষয়ক নাট্যাংশ এবং আলোচনা সভা/স্মৃতিচারণ উল্লেখযোগ্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দৈনিক পূর্বকোণ এর নির্বাহী সম্পাদক ডাঃ ম. রমিজ উদ্দিন চৌধুরী, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মঞ্চে প্রধান অতিথি দৈনিক পূর্বকোণের নির্বাহী সম্পাদক ডা. ম রমিজ উদ্দিন চৌধুরী, কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা ও অতিথিবৃন্দ*

মহান ২১শে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা আন্দোলনে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ ভাষা সৈনিক ড. মাহফুজুল হক (মরনোত্তর) এবং ডা. রেনু কণা বড়ুয়াকে সম্মাননা প্রদান করা হয়। ড. মাহফুজুল হক (মরনোত্তর) এর পক্ষে তাঁর ভাই লায়ন মোঃ শামসুল হক এবং ডাঃ রেনু কনা বড়ুয়ার পক্ষে ডাঃ দুলাল দাশ ও মিসেস শিখা মোমেন উক্ত সম্মাননা ক্রেস্ট গ্রহণ করেন। অনুষ্ঠানে তারা তাদের অনুভূতিও ব্যক্ত করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম, কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসেন এবং কলেজের অধ্যক্ষ প্রফেসর (ডাঃ) এ.এস.এম. মোস্তাক আহমেদ। ভাষা আন্দোলনের প্রকৃত ইতিহাস, যথার্থ মূল্যায়ন ও অনুসরণ'সহ সঠিক বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করার উপর বক্তারা গুরুত্বারোপ করেন। বক্তারা আরও বলেন যে, অত্র প্রতিষ্ঠান উত্তরোত্তর উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে এবং এর সেবা ব্যাপকভাবে প্রসার লাভ করেছে।

বায়োকেমিষ্ট্রি বিভাগের প্রভাষক ডাঃ মোঃ আব্দুল্লাহ জুবায়ের এবং ডাঃ নুসরাত কাওনাইন এর প্রানবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র মেডিকেল কলেজের ভাইস-প্রিন্সিপাল প্রফেসর অসীম কুমার বড়ুয়া, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, অত্র মেডিকেল কলেজের সর্বস্তরের ছাত্র/ছাত্রী, শিক্ষক/শিক্ষিকা, হাসপাতাল ও কলেজের সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী, নার্স ও নার্সিং শিক্ষার্থীবৃন্দ। মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটির সদস্য/সদস্যাদের অক্লান্ত ও নিরলস পরিশ্রমে অত্র মেডিকেল কলেজের ক্যাম্পাসে শহীদ দিবস সুন্দর, সুশৃঙ্খল এবং সফলভাবে উদযাপন করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা এবং সার্বিক তত্ত্বাবধান করেন অত্র মেডিকেল কলেজের বায়োকেমিষ্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক (ডাঃ) নাসরিন চৌধুরী এবং তাঁকে সহযোগিতা করেন এনাটমি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ আসমা মোস্তফা।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১০ম ব্যাচের ক্লাস উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১৪-২০১৫ (১০ম ব্যাচ) শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের উদ্বোধনী ক্লাস গত ১২/০১/২০১৫ ইং তারিখে কলেজের লেকচার গ্যালারিতে অধ্যক্ষ প্রফেসর এএসএম মোস্তাক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এএসএম ফজলুল করিম, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারি ডা. আঞ্জুমান-আরা ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১০ম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও উপস্থিতির একাংশ।*

উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন ও ডা. এম. মাহফুজুর রহমান। অনুষ্ঠানে বক্তারা বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সেবা, শিক্ষা এবং দক্ষ নার্স তৈরির ক্ষেত্রে এ অঞ্চলের মানুষের আশা আকাঙ্ক্ষার প্রতীক। দেশে বিদেশে এ মেডিকেল কলেজের নাম সমাদৃত। সফলতার দশটি বছর অতিক্রান্ত করছে এই মেডিকেল কলেজ। অত্র মেডিকেল কলেজসহ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের চারটি প্রকল্প অত্যন্ত সফলতার সাথে পরিচালিত হচ্ছে। এটি একটি অরাজনৈতিক ও সুশৃঙ্খল প্রতিষ্ঠান, যা স্বল্প সময়ে চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে প্রসার লাভ করেছে। মেডিকেল কলেজের পাশাপাশি চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল নামে ৬৫০ বেডের একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল রয়েছে। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মেডিকেল কলেজের এনাটমি'র বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মমতাজ বেগম, বায়োকেমিস্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডা. নাসরীন চৌধুরী, একাডেমিক কো-অর্ডিনেটর অধ্যাপক সাদিক সাইফুর রহমান। কলেজ থেকে পাশ করা গ্রাজুয়েট বায়োকেমিষ্ট্রি বিভাগের প্রভাষক ডা. রাবেয়া আখতার ও কমিউনিটি মেডিসিন বিভাগের প্রভাষক ডা. চিন্ময় বৈদ্য'র উপস্থাপনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন অভিভাবকদের পক্ষে মিসেস নাসরীন ইসলাম, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের পক্ষে সাজ্জাদ হোসেন ও ফারহানা নাসরীন। এতে অধ্যক্ষ অধ্যাপক (ডা.) এ.এস.এম. মোস্তাক আহমেদ মেডিকেল কলেজের ইতিহাস, অবকাঠামো সুযোগ সুবিধা, ছাত্র/ছাত্রীদের পেশাগত পরীক্ষার ফলাফল এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের কারিকুলাম-২০১২ এর উপর সংক্ষিপ্তভাবে মাল্টিমিডিয়া প্রেজেনেটশন এর মাধ্যমে বক্তব্য তুলে ধরেন। অনুষ্ঠানে মেডিকেল কলেজের প্রি-ক্লিনিক্যাল, প্যারা-ক্লিনিক্যাল এবং ক্লিনিক্যাল বিভাগ সমূহের শিক্ষক/শিক্ষিকাদের পরিচয় করিয়ে দেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডা. কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, ডা. মো. শাহাদাৎ হোসেন, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নুরুল হক প্রমুখ।



প্রস্তাবিত চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ভবন



নির্মাণাধীন নতুন হাসপাতাল ভবন

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **Januar-March '15**

| Out Patient Dept. : | Jan'15 | Feb'15 | Mar'15 |
|---|---|---|---|
| Paediatric Medicine | 4817 | 4417 | 4817 |
| Adult Patient (Medicine) | 1435 | 12148 | 1709 |
| **Consultancy Service** | | | |
| Paediatric Medicine | 694 | 610 | 815 |
| Adult Medicine | 327 | 350 | 524 |
| Obs. & Gynae | 1673 | 1570 | 1839 |
| Surgical (Paediatric) | 570 | 506 | 644 |
| Surgical (General) | 481 | 422 | 583 |
| Mini O.T. | 1086 | 1051 | 1489 |
| ENT | 825 | 872 | 1141 |
| Orthopaedics | 799 | 842 | 1129 |
| Skin Diseases | 751 | 846 | 1075 |
| Eye | 594 | 600 | 844 |
| Dental Cases | 369 | 450 | 436 |
| ORT | 42 | 91 | 97 |
| Psychology | 104 | 86 | 130 |
| Neurology | 201 | 220 | 267 |
| Asthma Clinic | 273 | 371 | 283 |
| Family Planning | 70 | 166 | 157 |
| Psychiatry | 137 | 112 | 154 |
| Dots Corner | 195 | 195 | 247 |
| Spech Therapy | 181 | 175 | 211 |
| Physiotherapy | 525 | 565 | 816 |
| L.M.C | 55 | 58 | 195 |
| Referred Cases | 138 | 490 | 146 |
| E.P.I | 1093 | 1063 | 1196 |
| Gastroenterology Unit | 28 | 35 | 74 |
| EEG | 80 | 220 | 291 |
| RNDA | 144 | 145 | 216 |
| GDA | 15 | 15 | 08 |
| Low Vision | 100 | 92 | 116 |
| MTW | 99 | 99 | 119 |
| Sitting Fitting | 15 | 09 | 10 |
| **In-Patient Dept. :** | | | |
| Paediatric (Admission) | 3678 | 3384 | 4743 |
| Maternity (Admission) | 527 | 503 | 525 |
| Neonatal (Admission) | 231 | 183 | 250 |
| Medicine (Admission) | 469 | 433 | 488 |
| Adult CCU (Admission) | 23 | 18 | 17 |
| Paediatric Surgery (Admission) | 132 | 137 | 192 |
| Paediatric Surgery (Operation) | 132 | 132 | 118 |
| Operation Obs. & Gynae | 289 | 245 | 291 |
| General Surgery (Admission) | 118 | 137 | 139 |
| General Surgery (Operation) | 16 | 23 | 33 |
| Orthopadic Surgery (Admission) | 56 | 51 | 78 |
| Orthopadic Surgery (Operation) | 26 | 29 | 22 |
| E.N.T. (Admission) | 21 | 21 | 31 |
| E.N.T. (Operation) | 12 | 08 | 16 |
| Eye (Admission) | 01 | 01 | 05 |
| Eye (Operation) | 07 | 04 | 08 |
| Cabin (Admission) | 373 | 327 | 366 |
| Pathology | 6022 | 5817 | 6644 |
| Radiology | 2230 | 2251 | 2661 |
| Ultrasanography | 741 | 829 | 866 |
| E.C.G | 280 | 220 | 279 |
| Kidney Dialysis | 296 | 221 | 254 |
| Echocardiogram | 82 | 140 | 157 |
| Paediatric CCU (Admission) | 19 | 28 | 28 |
| Adult ICU (Admission) | 29 | 22 | 19 |
| Adult HDU (Admission) | 06 | 10 | 08 |
| Paediatric HDU (Admission) | 51 | 35 | 52 |
| Urology (Admission) | 17 | 21 | 17 |
| Urology (Operation) | 09 | 09 | 12 |
| Emergency | 4845 | 3790 | 4193 |
| Total Deth | 60 | 46 | 46 |

### *DONORS OF -January,February & March 2015*

| | Januay | February | March |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Opsonine Pharma Ltd.(O T Consumable) | 800 | _ | _ |
| Mr.Sukhamay Ghuha.(O T Consumable) | _ | 220 | _ |
| Mr Rezaul Karim Azad (Blanket) | _ | 10000 | _ |
| Mr. Niaz Morshed.(Wheel Chair) | _ | 9000 | _ |
| Engender Health Bangladesh &Young Power In Social Action (YPSA):- (Roman ICV,Benner,fastoon &Wall clock.) | _ | _ | 3600 |
| **Total:** | **800** | **19220** | **3600** |
| **Medicin ;-** | | | |
| Gonoshasthaya Pharmaceuticals Ltd. | 832 | 5250 | _ |
| Opsonine Pharma Ltd. | 5952 | 150 | _ |
| Dr. Md Mozammel Huque | _ | 3656 | _ |
| prof.Dr.Wazir Ahmed | | 17304 | |
| **Total :** | **6784** | **26360** | **0** |
| **Cash:** | | | |
| Mrs Naila Sultana(For C.T.Scan Machine) | _ | 10000 | 0 |
| CMOSH Medical Collage (For C.T.Scan Machine) | _ | 1600000 | 0 |
| GOB Grant(Ministry Of Health) | _ | 5000000 | 0 |
| A.Q.I Chowdhury. OBE .(For CDC) | _ | 0 | 2000000 |
| K.S.R.M Steel Plant Ltd(For C.T.Scan Machine) | _ | 0 | 375000 |
| C M P Donation. | 30000 | 30000 | 30000 |
| **Tatal:** | **30000** | **6640000** | **2405000** |
| **Donation of The Month:** | **37584** | **6685580** | **2408600** |
| **Engr.L.K.Siddigi Memorial.P. P. B. Fund.** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 253912 | 252080 | 224088 |
| Received From M.R Card. | 23000 | 38500 | 17000 |
| All Employee of CMOSH (For Khichury Fund) | _ | _ | 43620 |
| Orion Infution Ltd. | _ | 1000 | _ |
| Mr. Khayes Ahmed Bhuyan | _ | _ | 10000 |
| Sherina Taher. | _ | _ | 5000 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 600 | 600 | 600 |
| Through;-Mr.Rezaul karim Parvez | _ | _ | 2758 |
| Shampa Barua | | | 1200 |
| **Tatal:** | **277512** | **292180** | **304266** |
| **Zakat Received:** | **0** | **65000** | **0** |

*Chattagram Maa-O-Shishu Hospital Bulletin* ● January - March 2015

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web Site : www.maa-shishu-ctg.org**

## *চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে নিম্নবর্ণিত চিকিৎসা সেবা সমূহ বিদ্যমান ঃ*

### বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
১০. নাক-কান-গলা
১১. চক্ষু
১২. চর্ম ও যৌন রোগ
১৩. মানসিক রোগ
১৪. দন্তস্ব
১৫. ফিজিক্যাল মেডিসিন
১৬. পরিবার পরিকল্পনা
১৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
১৮. ইপিআই
১৯. বিশেষজ্ঞ চিকিৎসকগণের কনসালটেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস।

### বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ ও সিসিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিকস আইসিইউ ও নিউনেটাল আইসিইউ সার্ভিস,
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস ল্যাপারোস্কোপিক
৭. প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য শিশু বিকাশ কেন্দ্র
৯. এ্যাজমা সেন্টার
১০. ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১১. সাব-স্পেশালিটি ক্লিনিক ইত্যাদি।
১২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৩. ক্লাব ফুট সার্ভিস ১৪। থ্যালাসেমিয়া ইউনিট

### ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা বাড ট্রান্সফিউশন সার্ভিস
২. থ্যালাসেমিয়া রোগীদের সার্বক্ষনিক রক্ত দেয়ার ব্যবস্থা।

### আন্তঃ বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. নেফ্রোলোজি
১০. অবস এন্ড গাইনী
১১. নাক-কান-গলা
১২. চক্ষু

### আধুনিক ডায়গনষ্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. এন্ডোসকপি, ইআরসিপি, কলোনোস্কপি
৫. এক্সরে
৬. ই.সি.জি
৭. ইটিটি
৮. ইইজি
৯. ক্লিনিক্যাল প্যাথলজি
১০. বায়োকেমিষ্ট্রি
১১. মাইক্রোবায়োলজি
১২. হিষ্টোপ্যাথলজি
১৩. সাইটোপ্যাথলজি
১৪. সিটিজি
১৫. কলপোস্কপি

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
• Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**

• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001